# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৮৬]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৩২: ফজরের আযানের পর বিতরের সালাত আদায় করা

## باب الْوِتْرِ بَعْدَ الأَذَانِ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَكِيمٍ، قال: حَدَّثَنَا ابْنُ أَبِي عِدِيٍّ، عَنْ شُعْبَةَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ، عَنْ أَبِيهِ، أَنَّهُ كَانَ فِي مَسْجِدِ عَمْرِو بْنِ شُرَحْبِيلَ فَأُقِيمَتِ الصَّلَاةُ فَجَعَلُوا يَنْتَظِرُونَهُ، فَجَاءَ فَقَالَ: إِنِّي كُنْتُ أُوتِرُ، قَالَ: وَسُئِلَعَبْدُ اللَّهِ هَلْ بَعْدَ الْأَذَانِ وِتْرٌ ؟ قَالَ: نَعَمْ، وَبَعْدَ الْإِقَامَةِ، وَحَدَّثَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ: نَامَ عَنِ الصَّلَاةِ حَتَّى طَلَعَتِ الشَّمْسُ ثُمَّ صَلَّى .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦١٣ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1686 _ صحيح الإسناد

বাংলা

১৬৮৫. ইয়াহইয়া ইবনু হাকীম (রহ.) ..... ইব্রাহীম-এর পিতা মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহ.) হতে বর্ণিত। তিনি ‘আমর ইবনু শুরাহবীল (রাঃ)-এর মসজিদে ছিলেন। ইতোমধ্যে সালাতের ইকামাত বলা হলো। মুসল্লীরা তার অপেক্ষা করছিল। তিনি এসে বললেন, আমি বিতরের সালাত আদায় করছিলাম। আর তিনি বললেন, 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ)-কে প্রশ্ন করা হয়েছিল, ফজরের আযানের পরে কি বিতরের সালাত আদায় করা যায়? তিনি বলেছিলেন, হ্যাঁ, ইক্বামাতের পরেও আদায় করা যায়। আর নবী (সা.) থেকে হাদীস বর্ণনা করলেন যে, তিনি একবার ফজরের সালাত আদায় না করে নিদ্রায় মগ্ন হয়ে পড়েছিলেন। অতঃপর সূর্য উদয় হয়ে গেলে তিনি ফজরের সালাত আদায় করে নিয়েছিলেন।

## English

Witr after the adhan

It was narrated from Ibrahim bin Muhammad Al-Muntashir, from his father, that: He was in the masjid of 'Amr bin Shurahbil and the iqamah for prayer was said, and they were waiting. He came and said: I was praying witr. Abdullah was asked: Is there any witr after the adhan? He said: Yes, and after the Iqamah. And he narrated that the Prophet (ﷺ) once slept and missed the prayer until the sun had risen, then he prayed.

## ফুটনোট

সহীহঃ ইমাম নাসায়ী এককভাবে বর্ণনা করেছেন, “সুনানুল কুবরা' ১৫৮১। [দ্রঃ ৬১২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন